জয় ভৈরব, জয় শঙ্কর !
জয়   জয় জয় প্রলয়ঙ্কর,   শঙ্কর শঙ্কর ॥
জয় সংশয়ভেদন,   জয় বন্ধনছেদন,
জয় সঙ্কটসংহর   শঙ্কর শঙ্কর ॥
তিমিরহৃদ্‌বিদারণ   জ্বলদগ্নিনিদারুণ,
মরুশ্মশানসঞ্চর   শঙ্কর শঙ্কর !
বজ্রঘোষবাণী,   রুদ্র, শূলপাণি,
মৃত্যুসিন্ধুসন্তর   শঙ্কর শঙ্কর ॥

Parjaay: Puja, Taal: Chhoy Matra, Raag: Mishra-Bhupali
Visit www.geetabitan.com for notation and other detail